যুগান্তর

তারিখ ২১ JUL 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৪

# বিপিএড পরীক্ষার দাবিতে জাতীয় বিশ্ববিদ্যালয় গেটে মানববন্ধন

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন শারীরিক শিক্ষা কলেজের ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন বিপিএড ২০১৪-১৫ শিক্ষাবর্ষের পরীক্ষার রুটিনের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। বুধবার সকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে সারা দেশ থেকে আগত কয়েকশ বিপিএড শিক্ষার্থী এ মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেন। শিক্ষার্থীরা জানান, দেশের ৩০টি বেসরকারি এবং ৬টি সরকারি বিশ্ববিদ্যলয়ের বিপিএড কোর্স সম্পন্ন হয়েছে। ১১ মাস পূর্বে তাদের ফরম পূরণ হয়েছে। তারপরও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের বিপিএড পরীক্ষার রুটিন ঘোষণা করা হয়নি, এ অবস্থায় সরকারি ও বেসরকারি বিপিএড শিক্ষার্থীরা দিশাহারা। আর রুটিন না দেয়ার ফলে আমাদের পরীক্ষার নেয়া হচ্ছে না। এ অবস্থা চলতে থাকলে প্রত্যেকের সরকারি চাকরির বয়স শেষ হয়ে যাবে। তাছাড়া যারা গরিব পরিবারের সন্তান তারা লেখাপড়া শেষ করে একটা প্রাইভেট চাকরি নিয়ে পরিবারের হাল ধরবে সে ব্যবস্থাও হচ্ছে না। আমারা পরিবারের একটি বোঝা হয়ে দাঁড়িয়েছি।

কর্মসূচিতে বিপিএড পরীক্ষার্থী সংগঠনের নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন অরূপ কুমার বৈদ্য, আহসান হাবিব, সাইফুল্লাহ সাইফ, মিজানুর রহমান, হায়াৎ আলী, জাহেদ হোসেন, আবু মালেক প্রমুখ।